গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-১)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৪৪.১২(অংশ).৪৬৫ তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ব্যবস্থাপনা বিভাগে সার্ভেয়ার ও কানুনগোদের ঘন-ঘন বদলি/পদায়ন না করার বিষয়ে নির্দেশনা প্রদান।**

সূত্র: উর্ধতন কর্তৃপক্ষের মৌখিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসনে রাজস্ব ব্যবস্থাপনার বিভিন্ন পর্যায়ে সার্ভেয়ার ও কানুনগো পদে কর্মরত জনবল রয়েছে। এ দুটি পদ রাজস্ব প্রশাসনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পদ। কিন্তু লক্ষ্য করা যায়, সার্ভেয়ার/কানুনগোদের ঘন-ঘন কর্মস্থল বদলির কারণে জনগণ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাই সার্ভেয়ার/কানুনগো পদে কমপক্ষে ০২ (দুই) বছর নিরবিচ্ছিন্নভাবে একই কর্মস্থলে থাকা প্রয়োজন। উল্লেখ্য যে, প্রজাতন্ত্রের কর্মচারীদের পক্ষ থেকে বদলির তদবির করা চাকুরি বিধিবিধানের পরিপন্থী কাজ।

০২। এমতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ প্রশাসনে কর্মরত সার্ভেয়ার/কানুনগো পদে প্রশাসনিক বিশেষ প্রয়োজন ব্যতিরেকে স্ব-স্ব কর্মস্থল/পদায়নকৃত কর্মস্থল থেকে অন্যত্র বদলি/পদায়ন না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বাক্ষরিত/-**
(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
উপসচিব
ফোন: +৮৮-০২-৫৫১০০১৭২
ই-মেইল: fa1@minland.gov.bd

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
২। বিভাগীয় কমিশনার..........(সকল)।
৩। জেলা প্রশাসক...........(সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৪৪.১২(অংশ).৪৬৫/৩(৬) তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি/মাস্টার কপি।

১৯/০৭/২৬

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
উপসচিব